



কক্সবাজার রাবার বাগানে অজ্ঞাত যুবকের লাশ উদ্ধার, এলাকায় আতঙ্ক



সংগৃহীত ছবি

কক্সবাজারের রামু উপজেলার রাবার বাগানের পাহাড়চূড়ায় অজ্ঞাতপরিচয় এক যুবকের লাশ উদ্ধার করেছে পুলিশ। স্থানীয়দের ধারণা, এটি পরিকল্পিত হত্যা। ঘটনায় পুরো এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে, বাড়তি নিরাপত্তার দাবি তুলেছেন এলাকাবাসী।

কক্সবাজারের রামু উপজেলার একটি রাবার বাগানের পাহাড়ের চূড়ায় অজ্ঞাতপরিচয় এক যুবকের লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়রা আতঙ্কিত হয়ে পড়ে। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে লাশটি উদ্ধার করে খানায় নিয়ে যায়। প্রাথমিকভাবে লাশের পরিচয় শনাক্ত করা সম্ভব হয়নি।

স্থানীয়দের দাবি, ঘটনাটি নিছক দুর্ঘটনা নয়, বরং পরিকল্পিত হত্যাকাণ্ড হতে পারে। তাদের মতে, লাশের অবস্থান ও পরিস্থিতি দেখে স্পষ্ট ধারণা পাওয়া যায় যে বিষয়টির সঙ্গে কোনো ষড়যন্ত্র জড়িত। তবে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, তদন্ত শেষ না হওয়া পর্যন্ত কিছুই নিশ্চিতভাবে বলা যাচ্ছে না। পুলিশের ধারণাও এটি হত্যাকাণ্ড হতে পারে, তবে আনুষ্ঠানিক তথ্য পরে জানানো হবে।

অপরদিকে এ ঘটনার পর রাবার বাগান এলাকা জুড়ে খমখমে পরিবেশ বিরাজ করছে। স্থানীয়রা ভয়-আতঙ্কে দিন কাটাচ্ছেন। অনেকেই মনে করছেন, এলাকায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রশাসনের পক্ষ থেকে বাড়তি নজরদারি ও নিয়মিত টহল নিশ্চিত করা জরুরি।

এলাকাবাসী দ্রুত ঘটনার রহস্য উদঘাটন করে প্রকৃত দোষীদের আইনের আওতায় আনার জন্য প্রশাসনের প্রতি জোর দাবি জানিয়েছে।